

	<p>সহায়তা নিবেন। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) বক্ষ্যমান জবাব দ্রুত প্রেরণ সহায়তা করলে জেলা প্রশাসক এর মাসিক রাজস্ব সম্মেলনে বিষয়টি উত্থাপন করিবেন।</p> <p>সিদ্ধান্তঃ ভবিষ্যতে অডিট রিপোর্ট প্রাপ্তির ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে বক্ষ্যমান জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট অডিট কর্তৃপক্ষের নিকট প্রেরণের বিষয়ে জ্ঞাত করিবেন।</p>	
<p>চ) প্রতিবেদন বহুনিষ্ঠ ও তথ্যনির্ভর</p>	<p>অনেক ক্ষেত্রেই দেখা যায় যে, হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) এর দাখিলকৃত অডিট রিপোর্ট তথ্য বহল থাকেনা। উপরন্তু বহুনিষ্ঠ ও হয়না। সভাপতি মহোদয় অডিট রিপোর্ট সংশ্লিষ্টদের, ডি.পি অডিট রিপোর্টে লীজকৃত নথির নাম্বার অনাদায়ী কেসের দাবি লীজ গ্রহীতার নাম ও অনাদায়ী সন উল্লেখ করার জন্য পরামর্শ প্রদান করেন।</p> <p>সিদ্ধান্তঃ নিরীক্ষা প্রতিবেদন প্রণয়নে যত্নশীল হতে হবে।</p>	<p>হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) সকল।</p>
<p>ছ) এপিএ, শুদ্ধাচার, নৈতিকতা ও ইনোভেশন</p>	<p>(ক) এপি এ চুক্তি বাস্তবায়ন ও যথাসময়ে এর মাসিক অগ্রগতি বিবরণী প্রেরণের উপর বিশদ আলোচনা করেন। জেলা মাসিক (রাজস্ব) সম্মেলনে যথা রিতি যোগদানের জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়। এ ছাড়া রাজস্ব সম্মেলনে অদাখিল কৃত বক্ষ্যমান জবাব প্রনয়ণে গুরুত্ব আরোপ করার আহবান জানানো হয়।</p> <p>(খ) তিনি শুদ্ধাচার ও নৈতিকতার বিষয়ে ভূমি মন্ত্রণালয় দিকনির্দেশনার উপর আলোকপাত করেন। বিভাগ এবং জেলা কার্যালয়সমূহে পৃথক পৃথকভাবে জাতীয় শুদ্ধাচার কৌশলের কর্ম পরিকল্পনা ও পর্যাবেক্ষণ কাঠামো প্রস্তুত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আলোচনা হয়।</p> <p>(গ) ইনোভেশন উদ্ভাবক বিষয়ের নিতিমালার কার্যকারিতা উদ্ভাবনের জন্য সহায়তা পুরস্কার, বাজেট এবং সরকারি স্বার্থে এর সুবিধা সমূহ তুলে ধরা হয়।</p> <p>সিদ্ধান্তঃ বার্ষিক এপিএ অগ্রগতি ও সার্বিক প্রাতিষ্ঠানিক কার্যক্রমের উপর সম্মানী ভাষা প্রদান করা হবে।</p>	<p>হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) সকল।</p>
<p>জ) নৈতিকতা কমিটি গঠন</p>	<p>আলোচনাঃ সভায় ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে সভাপতি বলেন, উক্ত চুক্তিতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কার্যক্রমের জন্য অত্র দপ্তরে নৈতিকতা কমিটি গঠন করা হলো।</p> <p>সিদ্ধান্তঃ জনাব মোঃ মাহাবুব খান সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) ঢাকা বিভাগ ঢাকা- কে সভাপতি, হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) জনাব লুৎফুন নাহার কে সদস্য ও হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) জনাব মালেকা বানু কে সদস্য এবং জনাব মোঃ ইসমাইল হোসেন মোল্লা সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) ঢাকা বিভাগ ঢাকা- কে সদস্য সচিব করে নৈতিকতা কমিটি গঠন করা হয়।</p>	<p>হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) সকল।</p>
<p>ঝ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা, ২০২১ - ২০২২ বাস্তবায়ন প্রসঙ্গে।</p>	<p>আলোচনাঃ সভায় সভাপতি ২০২১-২০২২ অর্থ বৎসরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, উক্ত চুক্তিতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কার্যক্রমের আওতায় কর্মসম্পাদন সূচক হিসেবে ২০২১-২০২২ অর্থ বৎসরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত মর্মে উল্লেখ রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং নির্দেশিকা প্রণয়ন</p>	<p>হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) সকল।</p>